বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলী লিস্টেড কোম্পানীজ
BAPLC
BANGLADESH ASSOCIATION OF PUBLICLY LISTED COMPANIES
Gulshan Palladium (5th Floor), Flat-5D, House: C-1, Road-95, Gulshan-2, Dhaka-1212, Bangladesh
PABX: 02 8831195, 02222297740, E-mail: baplc@dhaka.net, baplc@baplc.org, Web: www.baplc.org

# বিএপিএলসি নির্বাচন বোর্ড

আগষ্ট ২৬, ২০২৫

**সকল সদস্য কোম্পানী**
**বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলী লিস্টেড কোম্পানীজ (বিএপিএলসি)**

## বিএপিএলসি পরিচালনা পর্ষদ নির্বাচন (২০২৬-২০২৭) বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এবং বাণিজ্য সংগঠন আইন-২০২২ মোতাবেক, বিএপিএলসি-এর ২০২৬-২০২৭ (দুই বছর অর্থাৎ ১ জানুয়ারী, ২০২৬ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৭) মেয়াদের জন্য সভাপতি, সহ সভাপতি ও কার্য নির্বাহী পর্ষদের সদস্য পদে নির্বাচন আগামী ৭ ডিসেম্বর ২০২৫ তারিখ, রবিবার সংযুক্ত নির্বাচন তফসিল (সংযুক্তি-১) অনুযায়ী অনুষ্ঠিত হবে।

**নির্বাচন সম্পর্কিত নির্দেশনাবলী নিম্নরূপ :**

১. ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত নাই এইরূপ কোনো ব্যক্তি নির্বাচনে প্রার্থী বা তাহার প্রস্তাবকারী বা সমর্থনকারী হইতে পারিবেন না।

২. একাধিক ব্যক্তির মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে যেকোনো একজন মালিককে ভোট প্রদানের জন্য লিখিতভাবে মনোনয়ন করা যাইবে। **তবে উক্ত প্রতিষ্ঠানের কোনো কর্মকর্তা বা কর্মচারী ভোটার হইতে পারিবেন না।**

৩. এক ব্যক্তির মালিকানাধীন একাধিক কোম্পানীর TIN বা BIN সমৃদ্ধ প্রতিষ্ঠান থাকিলে তিনি সকল প্রতিষ্ঠানের জন্য ভোটাধিকার প্রাপ্য হইবেন এবং উক্ত ভোট কোনোক্রমেই হস্তান্তরযোগ্য হইবে না;

তবে শর্ত থাকে যে, এইরুপ ভোটাধিকার প্রাপ্ত ব্যক্তি নির্বাচনে একাধিক পদে প্রার্থী হইতে পারিবেন না।

৪. এসোসিয়েশনের পরিচালনা পর্ষদের সভাপতি, সহ সভাপতি এবং কার্য নির্বাহী পর্ষদের সদস্যগণ ভোটারদের প্রত্যক্ষ ও গোপন ভোটের মাধ্যমে নির্বাচিত হইবেন।

৫. প্রক্সির মাধ্যমে ভোটদান নিষিদ্ধ। - এসোসিয়েশনের নির্বাচনে ভোটদানের অধিকারী ব্যক্তিগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়া ভোট প্রদান করিবেন।

৬. **ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য নিম্নবর্নিত ডকুমেন্টস নোটারি পাবলিক কর্তৃক সত্যায়িত করে তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে নির্বাচন বোর্ডের নিকট দাখিল করতে হবে:-**

**(ক) পূরণকৃত ভোটার মনোনয়ন ফরম;**
**(খ) মনোনীত প্রতিনিধির হালনাগাদ কর পরিশোধের সার্টিফিকেট বা প্রমানপত্র (PSR);**
**(গ) মনোনীত প্রতিনিধির প্রতিনিধিত্বকারী কোম্পানীর হালনাগাদ ট্রেড লাইসেন্স ও কর পরিশোধের সার্টিফিকেট বা প্রমানপত্র (PSR);**
**(ঘ) মনোনীত প্রতিনিধির জাতীয় পরিচয়পত্রের কপি;**
**(ঙ) প্রতিনিধি মনোনয়নের সিদ্ধান্তের বিষয়ে পরিচালনা পর্ষদ সভার কার্যবিবরণী;**

**(চ) বিএপিএলসির হালনাগাদ বার্ষিক চাঁদা পরিশোধ রশিদের কপি;**
**(ছ) মনোনীত প্রতিনিধির ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি;**

**৭. নির্বাচনে আগ্রহী প্রার্থীগণ সঠিকভাবে পূরণকৃত প্রার্থী মনোনয়ন ফরমসহ নিম্নবর্ণিত কাগজপত্রাদি তফসিলে নির্ধারিত তারিখের মধ্যে নির্বাচন বোর্ডের নিকট দাখিল করিবেন, যথা:-**

**(ক) নোটারী পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে ঋণখেলাপী কিনা সে বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত মূল প্রত্যায়নপত্র।**

**(খ) নোটারী পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে কর, ভ্যাট, শুল্ক হালনাগাদ পরিশোধ করিয়াছেন কিনা সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত আয়কর, ভ্যাট রিটার্ণ ও শুল্ক পরিশোধের মূল সনদপত্র।**

**(গ) ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া কারাদন্ডে দন্ডিত কিনা এবং তাহার মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হইয়াছে কিনা সে বিষয়ে পুলিশ ক্লিয়ারেন্সের মূল সনদ।**

**(ঘ) নির্বাচনের আচরণ বিধি (সংযুক্তি-২) যথাযথভাবে প্রতিপালন করবেন মর্মে প্রার্থীগণকে নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত নমিনেশন ফরমের সাথে ৩০০ (তিনশত) টাকার স্ট্যাম্প-এ স্বাক্ষরিত ঘোষণাপত্র প্রদান করতে হবে।**

৮. এসোসিয়েশনের পরিচালনা পর্ষদে কোন ব্যক্তি পরপর ২ (দুই) মেয়াদে নির্বাচিত হইলে পরবর্তী এক মেয়াদের জন্য নির্বাচনে অংশগ্রহণ করিতে পারিবেন না।

**৯. কোন ব্যক্তি এসোসিয়েশনের নির্বাচনে কোন পদ প্রার্থী হতে পারবেন না যদি তিনি -**

**(ক) ঋণ খেলাপি হোন; বা**
**(খ) কর খেলাপি হোন; বা**
**(গ) ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়ে কারাদন্ডে দন্ডিত হোন এবং মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত না হয়; বা**
**(ঘ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলে ঘোষিত হয়ে থাকেন; বা**
**(ঙ) কোন আদালত কর্তৃক দেউলিয়া বলে ঘোষিত হয় বা দেউলিয়া হিসেবে ঘোষিত হওয়ার জন্য আবেদন করেন।**

১০. একজন ভোটারকে আবশ্যিকভাবে প্রতিটি পদের নির্বাচনের জন্য নিমোক্তরুপে তার ভোট প্রয়োগ করতে হবে:

| পদ | পদের সংখ্যা |
|---|---|
| **সভাপতি:**<br>(সভাপতি পদে ১ টি ভোট দিতে হবে। কম বা বেশি হলে ভোট বাতিল হবে) | ১ জন |
| **সহ-সভাপতি:**<br>(সহ সভাপতি পদে ১ টি ভোট দিতে হবে। কম বা বেশি হলে ভোট বাতিল হবে) | ১ জন |
| **কার্য নির্বাহী পর্ষদের সদস্য**<br>(কার্য নির্বাহী পর্ষদের সদস্য পদে ১৯ টি ভোট দিতে হবে। কম বা বেশি হলে ভোট বাতিল হবে) | ১৯ জন |

১১. চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের ৩ (তিন) দিনের মধ্যে কোনো প্রার্থী পদ প্রত্যাহার করিতে চাহিলে, প্রার্থী নির্বাচন বোর্ডের নিকট স্ব-শরীরে উপস্থিত হইয়া নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত লিখিত আবেদন দাখিল করিতে হইবে।

বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলী লিস্টেড কোম্পানীজ
BANGLADESH ASSOCIATION OF PUBLICLY LISTED COMPANIES
Gulshan Palladium (5th Floor), Flat-5D, House: C-1, Road-95, Gulshan-2, Dhaka-1212, Bangladesh
PABX: 02 8831195, 02222297740, E-mail: baplc@dhaka.net, baplc@baplc.org, Web: www.baplc.org

১২. এসোসিয়েশনের নির্বাচনের তারিখের পূর্ববর্তী ১২০ (একশত বিশ) দিনের মধ্যে সদস্য হইয়াছেন বা নির্বাচনের তারিখের পূর্ববর্তী ৬০ (ষাট)তম দিন পর্যন্ত সংগঠনের প্রাপ্য চাঁদা বকেয়া রাখিয়াছেন এইরূপ কোন সদস্য উক্ত নির্বাচনে ভোট দিতে পারিবেন না।

১৩. আমমোক্তারনামা প্রদানের মাধ্যমে ভোটার মনোনয়ন প্রদান করা যাইবে না ।

১৪. কোন প্রার্থী কর্তৃক প্রার্থীতা প্রত্যাহারের পর যদি দেখা যায় যে, বৈধ প্রার্থীর সংখ্যা নির্বাচন যোগ্যপদের সমান বা তদপেক্ষা কম, তাহা হইলে ভোট গ্রহণের প্রয়োজন হইবে না এবং এইরূপ প্রার্থীগণ নির্বাচিত হইয়াছেন মর্মে ঘোষনা করা হইবে।

১৫. সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থীগণকে নির্বাচিত ঘোষনা করা হইবে, এবং কোনক্ষেত্রে উক্ত সর্বোচ্চ ভোট সমান হইলে লটারীর মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যক প্রার্থীকে বাছাই করিয়া নির্বাচিত ঘোষনা করা হইবে।

১৬. বিএপিএলসির নির্বাচন কার্যক্রম বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫, বাণিজ্য সংগঠন আইন-২০২২ এবং সর্বশেষ সংশোধিত সংঘবিধি ও সংঘ-স্মারক অনুযায়ী সম্পাদিত হইবে। আইন ও বিধিমালার সাথে সংঘবিধি ও সংঘ-স্মারক এর কোন বিষয় সাংঘর্ষিক হলে সেক্ষেত্রে আইন ও বিধিমালার বিধানাবলী অগ্রাধিকার পাবে।

১৭. নির্বাচন আয়োজনের জন্য ভেন্যু নির্ধারণ করে, নির্বাচন বোর্ড যথা সময়ে নোটিশের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

১৮. নির্বাচন কার্যক্রমের জন্য বিএপিএলসি-এর অফিস প্রতিদিন (রবিবার-বৃহস্পতিবার) সকাল ১০:০০ টা থেকে বিকেল ৬:০০ টা পর্যন্ত খোলা থাকবে। তবে নির্বাচন তফসিলে উল্লিখিত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনে ছুটির দিনেও বিএপিএলসির কার্যালয় খোলা থাকবে।

১৯. যদি দৈব-দূর্বিপাক বা নিয়ন্ত্রণ বর্হিভূত/অনিবার্য কারনে নির্বাচন তফসিলে উল্লেখিত কোন কার্যক্রম নির্দিষ্ট দিনে সম্পন্ন করা সম্ভব না হয়, তবে উক্ত কার্যক্রম নির্ধারিত দিনের পরবর্তী কার্যদিবসে সম্পন্ন করা হবে।

**Md. Zohurul Islam, FCA**
**Chairman, Election Board**

**Mohammad Mehdi Hasan,**
**Deputy Attorney General**
**Member, Election Board**

**Md. Mohiuddin Ahmed Rajib, FCA, CFC**
**Member, Election Board**

বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলী লিস্টেড কোম্পানীজ
BANGLADESH ASSOCIATION OF PUBLICLY LISTED COMPANIES
Gulshan Palladium (5th Floor), Flat-5D, House: C-1, Road-95, Gulshan-2, Dhaka-1212, Bangladesh
PABX: 02 8831195, 02222297740, E-mail: baplc@dhaka.net, baplc@baplc.org, Web: www.baplc.org

# BAPLC Election Board

**Annexure-1**
**Date: 26.08.2025**

## Schedule of the BAPLC Executive Committee Election (2026–2027)

| Sl. No. | Events | Date and Time |
|---|---|---|
| 01. | Issuance of notice of Election and asking Nominations to cast of votes. (proforma enclosed) | 26$^{th}$ August, 2025 (Tuesday) |
| **02.** | **Last date of submission of particulars of voters of the Member-Companies.** | **7$^{th}$ October, 2025 (Tuesday)** |
| **03.** | **Last date of payment of Subscriptions and other dues upto 2025, (If any).** | **7$^{th}$ October, 2025 (Tuesday)** |
| **04.** | **Publication of the preliminary list of voters by the Election Board** | **9$^{th}$ October, 2025 (Thursday)** |
| 05. | Last date of filing of objections, to the Election Appeal Board against the preliminary list of voters, (if any). | 13$^{th}$ October, 2025 (Monday) |
| 06. | Hearing & Disposal of objections, (if any). | 14$^{th}$ -16$^{th}$ October, 2025 (Tuesday -Thursday) |
| **07.** | **Publication of the final list of voters.** | **19$^{th}$ October, 2025 (Sunday)** |
| 08. | Issuance of notice for submission of nominations for the post of the President, Vice President and Executive Committee Members | 19$^{th}$ October, 2025 (Sunday) |
| **09.** | **Last date for submission of nominations for the post of President, Vice President and Executive Committee Members.** | **26$^{th}$ October, 2025 (Sunday)** |
| 10. | Scrutiny of the nomination papers by the Election Board. | 27$^{th}$ October, 2025 (Monday) |
| **11.** | **Publication of the list of preliminary nominations for the post of the President, Vice President and Executive Committee Members** | **2$^{nd}$ November, 2025 (Sunday)** |
| 12. | Last date for filing of objections to the Election Appeal Board against the cancellation of any nominations. (if any). | 5$^{th}$ November, 2025 (Wednesday) |
| 13. | Hearing and disposal of objections, (if any). | 6$^{th}$-8$^{th}$ November, 2025 (Thursday- Saturday) |
| **14.** | **Publication of the final list of valid nominations by the Election Board.** | **9$^{th}$ November, 2025 (Sunday)** |
| 15. | Last date for withdrawal of candidature. | 10$^{th}$-12$^{th}$ November, 2025 (Monday-Wednesday) |
| **16.** | **Publication of the final list of candidates by the Election Board.** | **12$^{th}$ November, 2025 (Wednesday)** |

| Sl. No. | Events | Date and Time |
|---|---|---|
| **17.** | **Election for the post of President, Vice President and Executive Committee Members** | **7th December, 2025 (Sunday) from 2.00 pm. to 5:00 pm.** |
| **18.** | **Publication of the Result** of election by the Election Board. | After counting of Votes |
| 19. | Last date and time of filing appeal to the Appeal Board against the result election (if any). | **10th December, 2025 (Wednesday) 5:00 pm** |
| 20. | Hearing and disposal of appeal (if any), against the result of the election of the President, Vice President and Executive Committee Members. | 11th-13th December, 2025 (Thursday-Saturday) |
| **21.** | **Publication of the final results of election by the Election Board.** | **14th December, 2025 (Sunday)** |

**Md. Zohurul Islam, FCA**
**Chairman**
**Election Board**

**Mohammad Mehdi Hasan,**
**Deputy Attorney General**
**Member**
**Election Board**

**Md. Mohiuddin Ahmed Rajib, FCA, CFC**
**Member**
**Election Board**

বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলী লিষ্টেড কোম্পানীজ
BAPLC
BANGLADESH ASSOCIATION OF PUBLICLY LISTED COMPANIES
Gulshan Palladium (5th Floor), Flat-5D, House: C-1, Road-95, Gulshan-2, Dhaka-1212, Bangladesh
PABX: 02 8831195, 02222297740, E-mail: baplc@dhaka.net, baplc@baplc.org, Web: www.baplc.org

# বিএপিএলসি নির্বাচন বোর্ড

সংযুক্তি-২

## বিএপিএলসি পরিচালনা পর্ষদ নির্বাচন (২০২৬-২০২৭)
## আচরণ বিধি

বিএপিএলসি নির্বাচন তফসিল ঘোষণার দিন হতে নির্বাচন কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত নিন্মোক্ত নির্বাচন আচরণ বিধি কার্যকর থাকবে:

১. (ক) নির্বাচন উপলক্ষে কোন প্রকার বিল বোর্ডের মাধ্যমে প্রচার, প্লেকার্ড ও দেয়াল লিখন, ব্যানার ব্যবহার করা কিংবা মিছিল ও শ্লোগান দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ।
(খ) টিভি, রেডিও বা অন্য কোন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় নির্বাচনী বিজ্ঞপ্তি প্রকাশ/প্রচার করা যাবে না।
(গ) শুধুমাত্র এ-৪ সাইজের (সাদাকালো) লিফলেট-এর মাধ্যমে নির্বাচনী প্রচারণা চালানো যাবে।
(ঘ) কোন প্রার্থী ভোটারদের কোন প্রকার উপঢৌকন (গিফট) প্রদান করতে পারবেন না।
(ঙ) ভোটারদের উদ্দেশ্যে নিজ নিজ কোম্পানীর ওয়েব সাইটে প্রার্থী পরিচিতি এবং প্রচারপত্র প্রকাশ করা যাবে। তবে ব্যক্তিগত কুৎসা, অশালীন বা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাবে না।

২. নির্বাচন শুরু হওয়ার ৪৮ ঘন্টা পূর্বে সকল ধরণের প্রচারণা বন্ধ করতে হবে।

৩. নির্বাচন অনুষ্ঠানের দিনে ভোট কেন্দ্রের ১০০ (একশত) গজের মধ্যে কোন প্রার্থী বা ভোটার বা এজেন্ট বা সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোস্টার বহন সম্পূর্ণভাবে নিষিদ্ধ থাকবে।

৪. ভোট প্রদানের পর ভোট কেন্দ্রে কোনো প্রার্থী বা ভোটার অপ্রয়োজনে ঘোরাঘুরি বা প্রচারণা চালাতে পারবেন না।

৫. কোন ব্যক্তি বা ভোটার নির্বাচন আচরণ বিধি লঙ্ঘন করলে তার বিরুদ্ধে নির্বাচন বোর্ড তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করবেন। অভিযোগ প্রমাণ সাপেক্ষে প্রয়োজনে নির্বাচন বোর্ড প্রার্থীর প্রার্থীতা বাতিল করবেন এবং ভোটারকে ভোট কেন্দ্র ত্যাগ করার নির্দেশনা প্রদান করবেন।

৬. ভোট চলাকালীন সময়ে ভোট কেন্দ্রে কতজন ভোটার একই সময়ে অবস্থান করবেন তা নির্বাচন বোর্ড নির্ধারণ করবেন। শুধুমাত্র নির্বাচন বোর্ড ও আপিল বোর্ডের সদস্যবৃন্দ, নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, প্রার্থী ও ভোটারগণ ভোট কেন্দ্রে অবস্থান করতে পারবেন।

৭. ভোট প্রয়োগ করার জন্য একই সময়ে শুধুমাত্র একজন ভোটার পোলিং বুথে অবস্থান করতে পারবেন। কোন ভোটার ব্যালট পেপার পোলিং বুথের বাইরে আনতে পারবেন না ।

৮. ভোট চলাকালীন সময়ে কোন প্রার্থী ভোট কেন্দ্রে প্রচারণা চালাতে পারবেন না বা ভোটারদের সাথে অযথা কথা-বার্তা বলতে পারবেন না। কোন প্রার্থী এ ধরণের কর্মকান্ডে লিপ্ত হলে বা আচরণ বিধি ভঙ্গ করলে অভিযোগ প্রমাণ সাপেক্ষে নির্বাচন বোর্ড তার প্রার্থীতা বাতিল করতে পারবেন।

৯. নির্বাচন বোর্ড ব্যালট পেপারের নমুনা নির্ধারণ করবে এবং ব্যালট পেপারে বিএপিএলসি-এর সিল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর থাকবে। অন্যথায় ব্যালট পেপার গ্রহণযোগ্য বা বৈধ হবে না ।

বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলী লিষ্টেড কোম্পানীজ
BANGLADESH ASSOCIATION OF PUBLICLY LISTED COMPANIES
Gulshan Palladium (5th Floor), Flat-5D, House: C-1, Road-95, Gulshan-2, Dhaka-1212, Bangladesh
PABX: 02 8831195, 02222297740, E-mail: baplc@dhaka.net, baplc@baplc.org, Web: www.baplc.org

১০. ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং ই-টিন নম্বর উল্লেখ থাকবে। নির্বাচন বোর্ডের দপ্তরে রক্ষিত ভোটারের ছবি ও নমুনা স্বাক্ষরের ভিত্তিতে ভোটার সনাক্ত করা হবে।

১১. পরিচয়পত্র যাচাই করার পর নির্বাচন বোর্ডের কর্মকর্তাগণ ভোটারকে প্রতি পদের জন্য একটি করে ব্যালট পেপার দিবেন। ভোটার ব্যালট পেপারে নির্দিষ্ট প্রার্থী বা প্রার্থীদের নামের পাশে গোপণীয়ভাবে চিহ্ন প্রদান করবেন এবং নির্ধারিত বাক্সে তা ফেলবেন। ভোটার যদি কোনো কারণে ভোট প্রদানে ব্যর্থ হন তবে সংশ্লিষ্ট ব্যালট পেপার নির্বাচন বোর্ডের কাছে ফেরত দিতে হবে। কোনো অবস্থাতেই একজন ভোটারকে একই পদে একাধিক ব্যালট পেপার প্রদান করা হবে না।

১২. শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করবেন।

১৩. ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করে শূন্যতার নিশ্চয়তার বিধানপূর্বক ব্যালট বক্সটি বন্ধ ও সীল করবেন এবং নির্বাচন বোড©প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে রাখবেন। প্রতিটি পদের জন্য পৃথক পৃথক ব্যালট বক্স দেওয়া থাকবে।

১৪. ভোট প্রদানের সময় নির্বাচনী কর্মকর্তাগণ নির্বাচন বোর্ডের নির্দেশ অনুসরণ করবেন। ভোট গ্রহণকালে কোন রকম অনিয়ম বা বিশৃঙ্খলা পরিলক্ষিত হলে নির্বাচন বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৫. নির্বাচন বোর্ড কর্তৃক কেবলমাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হলে ব্যালট বক্স সীল করে রাখা হবে। নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহণ পুণরায় আরম্ভ না করা পর্যন্ত সীলকৃত অবস্থায় ব্যালট বক্সসমূহ সংরক্ষিত থাকবে।

১৬. নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে সকল ভোটার ভোট প্রদান করবেন।

১৭. ভোট প্রদানের নির্ধারিত সময় শেষ হলে ভোট গ্রহণ বন্ধ করা হবে । ভোট গ্রহণ কার্যক্রম শেষ হওয়ার পরপরই ভোট গণনা শুরু হবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলতে থাকবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকতে পারবেন। নির্বাচন বোর্ড ভোট গণনা শেষে ফলাফল ঘোষণা করবেন।

১৮. নির্বাচন বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। ফলাফলের উপর কোনো আপত্তি থাকলে তা লিখিত আকারে নির্বাচন আপিল বোর্ডের নিকট তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দাখিল করতে হবে ।

**Md. Zohurul Islam, FCA**
**Chairman, Election Board**

**Mohammad Mehdi Hasan,**
**Deputy Attorney General**
**Member, Election Board**

**Md. Mohiuddin Ahmed Rajib, FCA, CFC**
**Member, Election Board**

BAPLC

# BANGLADESH ASSOCIATION OF PUBLICLY LISTED COMPANIES

# FORM

## FOR THE CASTING VOTES OF BAPLC ELECTION FOR THE TERM (2026-2027)

**Name of the Member Company: ______________________________________________**

**Address of the Member Company: ____________________________________________**

| **Nominated Representative with particulars** | **Specimen Signature of the representative** | **Photo of the representative** (3 Copies, P.P. size) |
|---|---|---|
| **Name:**<br>**Designation:**<br>**Mobile No.:**<br>**Tel:**<br>**E-mail:**<br>**E-TIN:**<br>**NID:** | | |

Signature of the above nominated representative is hereby attested.

**Seal of the Member Company**

**Signature & Seal of the Chairman/MD or CEO/Director**

**Md. Mohiuddin Ahmed Rajib, FCA, CFC**
**Member, Election Board**

**Mohammad Mehdi Hasan,**
**Deputy Attorney General**
**Member, Election Board**

**Md. Zohurul Islam, FCA**
**Chairman, Election Board**